



পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iau.exam@gmail.com

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- ইআবি/পনি/ফাজিল অনার্স/২০১৮/৮-৫০

২৯ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ
১৩ নভেম্বর, ২০১৮ খ্রি.
০৪ রবিউল আউয়াল, ১৪৪০ হিজরী

বিজ্ঞপ্তি


২০১৮ সালে অনুষ্ঠিত ফাজিল অনার্স মৌখিক পরীক্ষা সংক্রান্ত।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরিচালিত ফাজিল অনার্স পরীক্ষা-২০১৮ এর ১ম বর্ষ (অকৃতকার্য পুরাতন সিলেবাস) এবং ২য় ও ৩য় বর্ষের মৌখিক পরীক্ষা আগামী ১৯/১১/২০১৮ খ্রি. তারিখ থেকে শুরু হবে। ইতোমধ্যে মৌখিক পরীক্ষা সম্পন্ন করার জন্য বহিরাগত পরীক্ষকের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও বিভাগীয় প্রধান অভ্যন্তরীণ পরীক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন।

অতএব, সংশ্লিষ্ট সকল পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ ০১/১২/২০১৮ খ্রি. তারিখের মধ্যে পরীক্ষা সম্পন্ন করে মৌখিক পরীক্ষার নম্বর তাৎক্ষণিক ওয়েবসাইটের মাধ্যমে সফটওয়্যারে ইনপুট দেয়ার ব্যবস্থা গ্রহণ করবেন। সফটওয়্যার থেকে প্রাপ্ত প্রিন্ট কপিতে পরীক্ষকগণের স্বাক্ষর ও সীলমোহর গ্রহণপূর্বক সংরক্ষণ করবেন এবং এক কপি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-এর পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর পৌঁছানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নির্দেশিকাঃ

- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট center.iau.edu.bd এ প্রবেশ করুন।
- প্রবেশ করার পর অবশ্যই “তথ্য লিপিবদ্ধকরণের নির্দেশিকা” বাটন এ ক্লিক করুন এবং নির্দেশিকা অনুসরণ করুন।
- Login করার জন্য প্রত্যেক কেন্দ্র তার নিজস্ব মাদরাসার EIIN ও Password ব্যবহার করুন।
- পরীক্ষা শেষ হওয়ার ৭ দিনের মধ্যে অবশ্যই মৌখিক এবং টিউটোরিয়াল পরীক্ষার্থীদের তালিকা লিপিবদ্ধ করতে হবে।
- লিপিবদ্ধ করা শেষ হলে Final Lock বাটনে ক্লিক করে Print করুন।



(মো: আবদুল খালেক)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

স্মারক নং- ইআবি/পনি/ফাজিল অনার্স/২০১৮/

১৩ নভেম্বর, ২০১৮ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। ডীন, ফাজিল স্নাতক শিক্ষা বিষয়ক কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, সকল ফাজিল অনার্স মাদরাসা।
- ৪। সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফাজিল অনার্স পরীক্ষা-২০১৮।
- ৫। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। ট্রেজারার মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭। আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। অফিস কপি।


(মো: জিয়াউর রহমান)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।